



ভাড়া এবং সার্ভিস চার্জসমূহ পরিশোধ করা

ভাড়া এবং সার্ভিস চার্জসমূহ আপনি সুবিধামত বিভিন্ন উপায়ে পরিশোধ করতে পারেন, হয় কাউন্টারে গিয়ে, অথবা টেলিফোন বা ইন্টারনেটের মাধ্যমে।

পে-মেট কার্ড (PayMate card)

আমরা আমাদের সকল বাসিন্দাকে 'পে-মেট' কার্ড (PayMate card) দিয়ে থাকি, যা ব্যবহার করে আপনি সহজে আপনার হিসাব বিবরণী হাতের নাগালে রাখতে পারেন এবং শত শত স্থানে অবস্থিত কাউন্টারে পরিশোধ করতে পারেন।

আপনি যদি কার্ড না পেয়ে থাকেন বা এটি হারিয়ে থাকেন, তাহলে অনুগ্রহ করে 0300 303 1771 নম্বরে সার্ভিস সেন্টারে যোগাযোগ করুন।

টেলিফোনের মাধ্যমে (অল-পে (Allpay) স্বয়ংক্রিয় ব্যবস্থা)

দিনরাত ২৪ ঘণ্টা, সপ্তাহের সাত দিন আমাদের স্বয়ংক্রিয় ভয়েস রেকর্ডিং সিস্টেম বা কন্ঠ চিহ্নিতকরণ ব্যবস্থা ব্যবহার করতে অনুগ্রহ করে 0870 243 6040 নম্বরে কল করুন। অসফল হলে আপনি স্বয়ংক্রিয়ভাবে একজন কাস্টোমার সার্ভিস প্রতিনিধির সঙ্গে যুক্ত হবেন।

এর জন্য আপনার পে-মেট কার্ড (PayMate card) -এর প্রয়োজন হবে, অথবা আপনার হিসাব বিবরণী।

টেলিফোনের মাধ্যমে (সার্ভিস সেন্টার)

আপনি 0300 303 1771 নম্বরে আমাদের সার্ভিস সেন্টারে কল করে ডেবিট বা ক্রেডিট কার্ডের মাধ্যমে আপনার ভাড়া পরিশোধ করতে পারেন। সার্ভিস সেন্টারটি সোম থেকে শুরুর সন্ধ্যা ৮ ঘটিকা হতে রাত্রি ৮ ঘটিকা পর্যন্ত খোলা থাকে।

অনলাইন (Online) -এ

allpayments.net সাইটটি ভিজিট করে অনলাইনে ভাড়া পরিশোধ করুন। এই সেবা ব্যবহার করতে হলে আপনাকে নিবন্ধন করতে হবে না। আপনি ক্রেডিট বা ডেবিট কার্ডের মাধ্যমে পরিশোধ করতে পারেন।

ডাইরেক্ট ডেবিট (Direct debit)

ডাইরেক্ট ডেবিট-এর বন্দোবস্ত (সেট আপ) করতে অনুগ্রহ করে 0300 303 1771 নম্বরে সার্ভিস সেন্টারে যোগাযোগ করুন।

পোস্ট অফিস (Post Office)

আপনি নগদ অর্থ, চেক বা ডেবিট কার্ডের মাধ্যমে কাউন্টারে বিল জমা দিতে পারেন। আপনার সঠিক হিসাব বিবরণীর জন্য আপনার পে-মেট (PayMate) কার্ডের প্রয়োজন হবে। আপনার জমা অবিলম্বে নিষ্পন্ন করা হবে এবং অর্থ জমাদানের প্রমাণ হিসেবে আপনাকে একটি রশিদ দেওয়া হবে।

পে-পয়েন্ট (PayPoint)

BENGALI-paying-rent-and-service-charges

পে-পয়েন্ট (PayPoint)-এর শাখাগুলো প্রধানত শহর ও নগরসমূহে দোকান এবং গ্যারেজসমূহে অবস্থিত। শুধুমাত্র নগদে পরিশোধ করা যায়। পরিশোধের প্রমাণ হিসেবে আপনাকে একটি রশিদ দেওয়া হবে। আপনার সঠিক হিসাব বিবরণীর জন্য আপনার পে-মেট (PayMate) কার্ড আপনার সাথে রাখার প্রয়োজন হবে